# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৭০৬

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৬৪. আহত ব্যক্তির ক্ষত স্থানে পট্টি বাঁধা এবং পানি ব্যবহার করার সামর্থ্য থাকা সত্ত্বেও তার জন্য তাইয়াম্মুম করা জায়েয

بَابُ جَوَازِ التَّيَمُّمِ لِصَاحِبِ الْجِرَاحِ مَعَ اسْتِعْمَالِ الْمَاءِ ، وَتَعْصِيبِ الْجُرْحِ

আরবী

قُرِئَ عَلَى أَبِي الْقَاسِمِ عَبْدِ اللَّهِ بْنِ مُحَمَّدِ بْنِ عَبْدِ الْعَزِيزِ ـ وَأَنَا أَسْمَعُ ـ : حَدَّثَكُمُ الْحَكَمُ بْنُ مُوسَى ، نَا هِقْلُ بْنُ زِيَادٍ ، عَنِ الْأَوْزَاعِيِّ ، قَالَ : قَالَ عَطَاءٌ ، عَنِ ابْنِ عَبَّاسٍ : أَنَّ رَجُلًا أَصَابَتْهُ جِرَاحَةٌ عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ ، فَأَصَابَتْهُ جَنَابَةٌ ، فَاسْتَفْتَى فَأُفْتِيَ بِالْغُسْلِ ، فَاغْتَسَلَ فَمَاتَ ، فَبَلَغَ ذَلِكَ النَّبِيَّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ فَقَالَ : " قَتَلُوهُ قَتَلَهُمُ اللَّهُ ! أَلَمْ يَكُنْ شِفَاءَ الْعِيِّ السُّؤَالُ ؟
قَالَ عَطَاءٌ : فَبَلَغَنِي أَنَّ النَّبِيَّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ سُئِلَ عَنْ ذَلِكَ بَعْدُ ؟ فَقَالَ : " لَوْ غَسَلَ جَسَدَهُ ، وَتَرَكَ رَأْسَهُ حَيْثُ أَصَابَتْهُ الْجِرَاحُ أَجْزَأَهُ

বাংলা

৭০৬(৪). আবুল কাসেম আবদুল্লাহ ইবনে মুহাম্মাদ ইবনে আবদুল আযীয (রহঃ) ... ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণিত রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর যুগে এক ব্যক্তি আহত হলো। সে নাপাক হলে ফাতওয়া জিজ্ঞেস করলো। তাকে গোসল করার ফাতওয়া দেয়া হলো। অতএব সে গোসল করে এবং মারা যায়। এ খবর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট পৌছলে তিনি বলেনঃ তারা (ফাতওয়াদানকারীরা) তাকে হত্যা করেছে। আল্লাহ তাদের হত্যা করুন। অজ্ঞতার প্রতিশেধক কি জিজ্ঞাসা নয়? আতা (রহঃ) বলেন, আমি জানতে পেরেছি যে, পরে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার-এর নিকট এ সম্পর্কে জিজ্ঞেস করা হলে তিনি বলেন, সে যদি তার দেহ ধৌত করতো এবং মাথার যে স্থান আহত হয়েছে সেই স্থান বাদ দিতো তবে তা তার জন্য যথেষ্ট হতো।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80495

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন